

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.powerdivision.gov.bd


নং-২৭.০০.০০০০.০৪১.৯৯.০০৩.১৯.৩০৮

তারিখ ২৭ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত
প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে গত ০৫-১২-২০১৯ তারিখ বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব ড. আহমদ কায়কাউস এর সভাপতিত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।



(তাহমিনা ইয়াসমিন)

উপসচিব

ফোনঃ ৯৫১৩৩৬৪

E-mail: dsadmin@pd.gov.bd

কার্যার্থে বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। চেয়ারম্যান, বিইপিআরসি।
- ০২। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ(শ্রেডা), ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/পরিকল্পনা/বিধি ও নবায়নযোগ্য জ্বালানি/সমন্বয়), বিদ্যুৎ বিভাগ।
- ০৪। রেজিস্ট্রার, বিপিএমআই, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, পাওয়ার সেল, ঢাকা।
- ০৭। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, ঢাকা।
- ০৮। যুগ্মসচিব (সকল)/যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ।
- ০৯। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/পিজিসিবি/ইজিসিবি/আরপিসিএল/ওজোপাডিকো/এপিএসসিএল/
নওপাজেকো/নেসকো/সিপিজিসিবিএল/বিআইএফপিসিএল/বি-আর পাওয়ারজেন লিঃ, ঢাকা/খুলনা/
ব্রাহ্মণবাড়িয়া/রাজশাহী।
- ১০। উপসচিব/উপ-প্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ।
- ১১। পরিচালক (কমার্শিয়াল/এমআইএস/ম্যানেজমেন্ট/এফএমএন্ডএইচআরডি), পাওয়ার সেল, ঢাকা।
- ১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
- ১৩। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ।
- ১৪। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ।
- ১৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ

- ০১। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. আহমদ কায়কাউস
সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ।
সভার তারিখ : ০৫-১২-২০১৯খ্রিঃ।
সভার সময় : বেলা ১০.০০ ঘটিকা।
সভার স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি জানান, বিদ্যুৎ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে মুজিব বর্ষ (১৭ মার্চ ২০২০-১৭ মার্চ ২০২১)-কে 'সেবাবর্ষ' ঘোষণা এবং গ্রাহক সেবা আকর্ষণীয় করার লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনার জন্য সকলকে অনুরোধ করেন। এরপর সভাপতি অতিরিক্ত সচিব (প্রশাসন)কে কর্মপরিকল্পনা অনুযায়ী আলোচনা করার আহবান জানান।

০২। অতিরিক্ত সচিব (প্রশাসন) বিদ্যুৎ বিভাগ কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ০১ (এক)টি কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি গঠন করা হয়েছে এবং উক্ত কমিটিতে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে উপদেষ্টা হিসেবে রাখা যেতে পারে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের নিমিত্ত বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানি মুজিব বর্ষকে সেবা বর্ষ হিসেবে বিবেচনায় নিয়ে গ্রাহক সেবা কিভাবে আকর্ষণীয় করা যায় সেভাবে প্রস্তুতি গ্রহণ করতে হবে। এ উপলক্ষে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী সভাপতি মহোদয় ৫টি উপকমিটি গঠনের উপর আলোকপাত করেন। কর্মপরিকল্পনা অনুযায়ী কাজের ধরণ বিবেচনায় নিয়ে এ বিভাগের ৫ জন অতিরিক্ত সচিবকে আহবায়ক করে ৫টি উপকমিটি গঠনের প্রস্তাব করেন।

০৩। উপকমিটিসমূহ নিম্নরূপঃ

শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটি

১।	জনাব মোহাম্মদ শফিকউল্লাহ, অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ	:	আহবায়ক
২।	শেখ ফয়েজুল আমীন, যুগ্মসচিব (উন্নয়ন-১), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৩।	জনাব মোঃ নূরুল আলম, যুগ্মসচিব (উন্নয়ন-২), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৪।	মিজ্ মহফুজা আখতার, উপসচিব (উন্নয়ন-৪) বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৫।	জনাব মোহাম্মদ মোজাম্মেল হক, উপসচিব (উন্নয়ন-৫) বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৬।	জনাব খালেদ মোহাম্মদ জাকী, উপসচিব (উন্নয়ন-৬) বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৭।	জনাব মোঃ আমজাদ হোসেন, পরিচালক (কমার্শিয়াল), পাওয়ার সেল	:	সদস্য
৮।	জনাব নিরোদ চন্দ্র মন্ডল, উপসচিব (উন্নয়ন-২), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য-সচিব

উপকমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- (ক) ২০২০ সনের ডিসেম্বর মাসের মধ্যে দেশব্যাপী শতভাগ এবং নির্ভরযোগ্য বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন করা;
- (খ) বৈদ্যুতিক সরঞ্জামাদি এবং বৈদ্যুতিক ক্যাবলের Standard Specification এবং বৈদ্যুতিক ওয়্যারিং ইউনিফাইড করার উদ্যোগ গ্রহণ;
- (গ) বিদ্যুতের অপচয় রোধে সমগ্র দেশব্যাপী প্রি-পেইড মিটারিং কার্যক্রম গ্রহণ;
- (ঘ) ২০২১ সনের ১৭ই মার্চের মধ্যে দেশব্যাপী শতভাগ এবং নির্ভরযোগ্য বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন করা। এ ছাড়াও বিদ্যুৎ বিভাগ কর্তৃক গৃহীত পাওয়ার সেক্টর মাস্টার প্ল্যান কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন;
- (ঙ) উপকমিটির আহবায়ক প্রয়োজনে দপ্তর/সংস্থা/কোম্পানি থেকে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি

১।	মিজ্ মোছাঃ মাকছুদা খাতুন, অতিরিক্ত সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ	:	আহবায়ক
২।	জনাব এ. টি. এম মোস্তফা কামাল, যুগ্মসচিব (কোম্পানি এ্যাফেয়ার্স-১), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৩।	জনাব রেজওয়ানুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন-১), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৪।	মিজ্ ইয়াসমিন বেগম, উপসচিব (কোম্পানি এ্যাফেয়ার্স-২), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৫।	জনাব মোহাম্মদ নাজমুল আবেদীন, উপসচিব (উন্নয়ন-১), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৬।	মিজ্ তাহমিনা ইয়াসমিন, উপসচিব (প্রশাসন-১), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৭।	জনাব আহসানুর রহমান হাসিব, উপসচিব (বাজেট), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৮।	জনাব এইচ. এম. নরুল ইসলাম, উপসচিব (কোম্পানি এ্যাফেয়ার্স-১),	:	সদস্য
৯।	জনাব মোঃ হুমায়ূন কবীর, প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
১০।	জনাব মোঃ আফজাল হোসেন, সিনিয়র সহকারী সচিব (প্রশিক্ষণ), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
১১।	জনাব মোঃ খোরশেদ আলম, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
১২।	জনাব মোঃ সাজিবুল হক, উপ-পরিচালক (এমঅইএস), পাওয়ার সেল।	:	সদস্য
১৩।	শেখ ফয়েজুল আমীন, যুগ্মসচিব (উন্নয়ন-১), বিদ্যুৎ বিভাগ।	:	সদস্য-সচিব

উপকমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- (ক) ২০২০ সনের ১৭ই মার্চ হতে ২০২১ সনের ১৭ই মার্চ পর্যন্ত সময়কে বিদ্যুৎ বিভাগ কর্তৃক ‘সেবা বর্ষ’ হিসেবে ঘোষণা প্রদান;
- (খ) গ্রাহক সেবার উৎকর্ষ সাধনে বঙ্গবন্ধুর দর্শনের ভিত্তিতে বিদ্যুৎ বিভাগ এবং সকল সংস্থার মধ্যে ‘ইনোভেশন প্রতিযোগিতা’ এর আয়োজন করা;
- (গ) বৈদ্যুতিক খাতে দেশে ও বিদেশে দক্ষ জনশক্তির চাহিদা পূরণকল্পে বৈদ্যুতিক কর্ম পেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে ‘মুজিব বর্ষে’ প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ন্যূনতম ৩ হাজার বেকার জনগোষ্ঠীকে মানব সম্পদে রূপান্তর করা;
- (ঘ) ‘মুজিব বর্ষে’ বিদ্যুৎ বিভাগ এবং এর আওতাধীন সরকারি/বেসরকারি খাতের প্রতিষ্ঠানসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে প্রতিযোগিতার আয়োজন;
- (ঙ) বিদ্যুৎ খাতের বিবর্তনের উপর আন্তর্জাতিক মানের প্রকাশনা প্রকাশ;
- (চ) ১লা মার্চ ২০২০ সালে মুজিব বর্ষ পালন উপলক্ষে উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন;

৭৩

- (ছ) সেবা বর্ষে (১৭ মার্চ ২০২০-১৭ মার্চ ২০২১) বিদ্যুৎ বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ সেবা প্রদানের লক্ষ্যে নির্ধারিত সময়ের অতিরিক্ত ১ ঘন্টা বেশী কাজ করা;
- (জ) বঙ্গবন্ধুর দর্শন, জাতীয় উন্নয়নে বিদ্যুৎ খাতের অবদান, বিদ্যুৎ খাতের অর্জন বিষয়ে জাতীয় বিদ্যুৎ সপ্তাহ আয়োজন এবং বঙ্গবন্ধুর অবদানের বিষয়ে আলোকপাত;
- (ঝ) জাতীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে যে ওয়েবসাইট তৈরি করা হবে তার সাথে বিদ্যুৎ বিভাগ এর লিংক স্থাপন;
- (চ) উপকমিটির আহবায়ক প্রয়োজনে দপ্তর/সংস্থা/কোম্পানি থেকে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

আমার গ্রাম আমার শহর, কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটি

১।	জনাব রহমত উল্লাহ মোঃ দস্তগীর এনডিসি, অতিরিক্ত সচিব (পরিকল্পনা), বিদ্যুৎ বিভাগ	:	আহবায়ক
২।	সৈয়দ মামুনুল আলম, যুগ্ম প্রধান, বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৩।	মিজ্ তানিয়া খান, উপ-প্রধান (পরিকল্পনা-১), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৪।	শেখ মুনির আহমেদ, পরিচালক (ম্যানেজমেন্ট), পাওয়ার সেল	:	সদস্য
৫।	মিজ্ মাকসুদা খন্দকার, সিনিয়র সহকারী সচিব (বিধি ও পলিসি) বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৬।	জনাব মোঃ হুমায়ূন কবীর, প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৭।	জনাব মুহাম্মদ চিশতী আশেক, সহকারী প্রধান (পরিকল্পনা-২), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৮।	মিজ্ সাইয়েদা ফয়জুন্নেছা, সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-২), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৯।	জনাব মোঃ মোস্তফা কামাল, সহকারী প্রধান (পরিকল্পনা-১), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
১০।	ড. শাহ মোঃ হেলাল উদ্দীন, উপ-প্রধান, বিদ্যুৎ বিভাগ	:	সদস্য-সচিব

উপকমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- (ক) 'আমার গ্রাম আমার শহর' বিষয়বস্তুকে সামনে রেখে মডেল গ্রাম নির্বাচনপূর্বক পূর্ণাঙ্গরূপে গ্রামের উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন;
- (খ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হবে। দুর্নীতির ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি প্রতিপালনপূর্বক গ্রাহক হয়রানি দূরীকরণের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
- (গ) অংশগ্রহণমূলক সম্পাদিত কর্ম-মূল্যায়ন পদ্ধতির প্রবর্তন ও বাস্তবায়ন। প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির মধ্য থেকে কার্যক্ষেত্রে সফলতার জন্য বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান এবং প্রতিটি উপজেলায় সেবা প্রদানের ক্ষেত্রে একজন সেরা বিদ্যুৎ কর্মীকে বঙ্গবন্ধু পুরস্কার প্রদান;
- (ঘ) ২০২১ সালের (১৭ই মার্চ) বিদ্যুতের অপচয় রোধ ও অবৈধ সংযোগমুক্ত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বছরব্যাপী বিশেষ কার্যক্রম গ্রহণ;
- (ঙ) বিদ্যুতের দায়িত্বপূর্ণ ব্যবহারের লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধকরণ;
- (চ) উপকমিটির আহবায়ক প্রয়োজনে দপ্তর/সংস্থা/কোম্পানি থেকে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

৯৬

গ্রাহক সেবার মানোন্নয়ন সংক্রান্ত উপকমিটি

১।	জনাব এ. কে. এম হুমায়ূন কবীর, অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ	:	আহবায়ক
২।	জনাব আবুল খায়ের মোঃ আমিনুর রহমান (সুশাসন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
২।	জনাব জনাব মোঃ খায়রুল কবীর মেনন, যুগ্মসচিব (সমন্বয়-৩), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৩।	জনাব মোহাম্মাদ মফিজুর রহমান, উপসচিব (সমন্বয়-১), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৪।	মিজ আইরিন পারভিন, উপসচিব (সমন্বয়-২), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৫।	জনাব মোঃ মঞ্জুরুল আলম, উপ-পরিচালক (এফএমএন্ড এইচআরডি), পাওয়ার সেল	:	সদস্য
৬।	জনাব মোঃ মাহফুজার রহমান, সহকারী সচিব (অডিট), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৭।	জনাব মোঃ নাজমুস সাদাত সেলিম, যুগ্মসচিব (বাজেট), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য-সচিব

উপকমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- প্রতিটি ইউনিয়নে জিএম পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত থেকে গ্রাহক সমাবেশ করবেন এবং তাৎক্ষণিক সমস্যার সমাধান করবেন;
- গ্রাহক সেবার মান উন্নয়ন ও গ্রাহকদের ভোগান্তি লাঘবে অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System)-কে উন্নত করতে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন। সেবা গ্রহীতাদের অভিযোগ গ্রহণের লক্ষ্যে একটি বিশেষ হট লাইন নম্বর প্রবর্তন;
- সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুফলভোগী দরিদ্র জনগোষ্ঠীর জন্য বিদ্যুৎ সেবা সহজীকরণ ;
- সেবা সম্পর্কিত বঙ্গবন্ধুর বিভিন্ন বক্তৃতা ও উদ্বৃতি সংকলন করে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারির মাঝে বিতরণ এবং জনগণকে বিদ্যুৎ সাশ্রয় ও দুর্ঘটনা প্রতিরোধে করণীয় সম্পর্কে সচেতন করার লক্ষ্যে ফ্ল্যার্স/লিফলেট বিতরণ এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- বিদ্যুতায়নে জাতির পিতার অবদান, বাংলাদেশের সংবিধানে পল্লী বিদ্যুতের স্বীকৃতি, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গঠন, পল্লী বিদ্যুতের সম্প্রসারণ বিষয়ে, বিদ্যুৎ খাতের অর্জন, ১৯৭৫ সালে ইঞ্জিনিয়ারদের সমাবেশে জাতির পিতার উক্তি অন্তর্ভুক্ত করে ডকুমেন্টারি প্রস্তুত;
- উপকমিটির আহবায়ক প্রয়োজনে দপ্তর/সংস্থা/কোম্পানি থেকে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি এবং গ্রাহক সচেতনতা সংক্রান্ত উপকমিটি

১।	জনাব মোহাম্মদ আলাউদ্দিন, অতিরিক্ত সচিব (বিধি ও নবায়নযোগ্য জ্বালানি), বিদ্যুৎ বিভাগ	:	আহবায়ক
২।	জনাব এরাডুল হক, উপসচিব (আইন), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৩।	মিজ তাহনিয়া রহমান চৌধুরী, উপসচিব, বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৪।	জনাব মোহাম্মদ মোজাম্মেল হক (উন্নয়ন-৫), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৫।	জনাব খালেদ মোহাম্মদ জাকী, উপসচিব (উন্নয়ন-৬), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৬।	জনাব মোহাম্মদ আফজাল হোসেন, সিনিয়র সহকারী সচিব (প্রশিক্ষণ), বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
৭।	জনাব মোঃ আব্দুর রৌফ মিয়া, পরিচালক (সাসটেইনেবল এনার্জি), পাওয়ার সেল	:	সদস্য
৮।	জনাব মোহাম্মদ হোসাইন, মহাপরিচালক, পাওয়ার সেল, ঢাকা	:	সদস্য-সচিব


উপকমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- (ক) সারা বছর ধরে বিভিন্ন সেমিনার, সভা, স্থানীয় ও আন্তর্জাতিক প্রিন্ট/ইলেকট্রনিক, সোশ্যাল মিডিয়ায় প্রচার;
- (খ) বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে বিদ্যুতের ভূমিকা এবং টেকসই উন্নয়নে বিদ্যুৎ সাশ্রয় ও বিদ্যুতের যৌক্তিক ব্যবহারের লক্ষ্যে প্রচারণামূলক কার্যক্রম;
- (গ) দেশের প্রতিটি বিদ্যুৎ বিতরণ কেন্দ্রের প্রবেশ দ্বারে বঙ্গবন্ধুর সেবা সম্পর্কিত বক্তব্য ও উক্তিসমূহ ইলেকট্রনিক বোর্ড স্থাপনের মাধ্যমে প্রচারের ব্যবস্থাকরণ;
- (ঘ) বিদ্যুৎ খাতের সাথে সংশ্লিষ্ট আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সরকারি/বেসরকারি নিয়োগকারীদের সমন্বয়ে আন্তর্জাতিক পর্যায়ের সিম্পোজিয়াম আয়োজন করা;
- (ঙ) 'মুজিব বর্ষ' পালন উপলক্ষে জরুরি বিদ্যুৎ কাজে ব্যবহৃত সকল যানবাহনে সেবা বর্ষের পৃথক লোগো ব্যবহার ও সজ্জিতকরণ;
- (চ) সমগ্র দেশব্যাপী বিদ্যুতের অপচয় এবং বিদ্যুতের দূর্ঘটনা রোধকল্পে স্কুল/ কলেজ পর্যায়ের শিক্ষক ও শিক্ষার্থীদের-কে নিয়ে সচেতনতামূলক কার্যক্রম আয়োজন।
- (ছ) উপকমিটির আহবায়ক প্রয়োজনে দপ্তর/সংস্থা/কোম্পানি থেকে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

০৪। উপকমিটির আহবায়কগণ কর্মপরিকল্পনার কাজের ধরণ অনুযায়ী বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাগণকে সাথে নিয়ে কার্যক্রম শুরু করবেন মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

- (ক) ৩নং অনুচ্ছেদে বর্ণিত উপকমিটিসমূহ অনুমোদন;
- (খ) উপকমিটি কর্তৃক কর্মপরিকল্পনা অনুযায়ী সময়ভিত্তিক কার্যক্রম গ্রহণ এবং ১৫ দিনের একবার সভা আহবান;
- (গ) কেন্দ্রীয় কমিটিতে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় উপদেষ্টা হিসেবে থাকবেন এবং এ কমিটি প্রতি মাসে একবার সভা আহবান করবে;
- (ঘ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ এ বিভাগের কর্মপরিকল্পনা অনুযায়ী পৃথক কমিটি প্রণয়ন করবে যাতে বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাগণ প্রতিনিধি হিসেবে অন্তর্ভুক্ত থাকবে;
- (ঙ) দপ্তর/সংস্থা/কোম্পানির কমিটি প্রধান বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট কমিটির সদস্য হবেন;
- (চ) দপ্তর/সংস্থা/কোম্পানি সৌন্দর্যবর্ধনের কর্মপরিকল্পনা প্রণয়ন করবে এবং তা বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে;
- (ছ) মুজিব বর্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচিকে জাতীয় দিবসসমূহের সাথে একীভূত করে কর্মকাণ্ড গ্রহণ;
- (জ) আগামী ২০২০ সালে বিদ্যুৎ বিভাগ কর্তৃক বিদ্যুৎ সপ্তাহ আয়োজনের লক্ষ্যে পৃথকভাবে কমিটি গঠন করবে।

০৫। অতঃপর, আর কোন আলোচনা না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ড. আহমদ কায়কাউস)
সিনিয়র সচিব